বৈশাখির টিভির মেহেরপুর প্রতিনিধি কাজলের বাবার মৃত্যু

বৈশাখি টিভির মেহেরপুর জেলা প্রতিনিধি হামিদুর রহমান কাজলের পিতা একতার আলী (৭৬) ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহী ওয়া ইন্না এলাহী রাজিউন)

আজ মঙ্গলবার (৯ আগষ্ট) বিকাল সাড়ে ৩ টার সময় নিজ বাড়িতে ইন্তেকাল করেন তিনি।

তিনি দীর্ঘদিন যাবৎ ক্যান্সার, কিডনীসহ নানা ধরণের জটিল রোগে আক্রান্ত হয়ে বিভিন্ন স্থানে চিকিৎসা নিচ্ছিলেন। মৃত্যুকালে তার স্ত্রী, তিন ছেলে, আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব ও অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে সাংবাদিক রাসেদুজ্জামান জানান, মঙ্গলবার দিবাগত রাত ৯ টার সময় মেহেরপুর পৌর ঈদগাহ ময়দানে নামাজে জানাযা শেষে পৌর কবরস্থানে দাফন করা হবে।

এদিকে সাংবাদিক হামিদুর রহমান কাজলের বাবার মৃত্যুতে শোক জানিয়েছেন মেহেরপুর জেলার গণমাধ্যম কর্মিরা।

মেহেরপুর পুলিশের অভিযানে গ্রেফতার ৯ জন

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে ৭ জন আসামি গ্রেফতার।

এদের মধ্যে সদর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৩ জন, গাংনী থানা পুলিশের অভিযানে সিআর মামলায় ৩ জন ও জিআর মামলায় ১ আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল সোমবার সকাল থেকে আজ সোমবার (৯ আগষ্ট) ভোররাত পর্যযন্ত দুটি উপজেলার বিভিন্ন এলাকায় পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।

গাংনী ও সদর থানা পুলিশ সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

আজ সোমবার (৯ আগষ্ট) গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে জাতীয় শোক দিবস পালনে প্রস্তুতি সভা

মেহেরপুরের গাংনীতে জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা করেছে উপজেলা আওয়ামী লীগ।

আজ মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা অডিটোরিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মকলেছুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাহিদুজামান খোকন।

গাংনী উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, আওয়ামী লীগ নেতা গোলাম মোস্তফা ও মনিরুজ্জামান মনিসহ আওয়ামী লীগের বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ ও জনপ্রতিনিধি বৃন্দ উপস্থিত ছিলেন।

যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন, শোক র্যালী, মিলাদ মাহফিল ও কাঙালী ভোজ বিতরণ করা হবে।

মেহেরপুরে ৬ মাসের সাজাপ্রাপ্তসহ ২ আসামি গ্রেফতার

মাদক মামলায় ৬ মাসের সাজাপ্রাপ্ত আসামি জিয়ারুল ইসলাম জিয়া (৪০)সহ ২ আসামিকে গ্রেফতার করেছেন মেহেরপুর সদর থানা পুলিশের একটি টিম।

জিয়ারুল ইসলাম জিয়া মেহেরপুর শহরের ক্যাশবপাড়া এলাকার মজিবুর রহমানের ছেলে। ও অপরজন হলেন গোভিপুর গ্রামের মৃতু সদর আলী মোল্লার ছেলে আলী সিদ্দিক বাবু।

মেহেরপুর সদর থানা পুলিশের এএসআই শাকিল গোপন সংবাদে সঙ্গীয় ফোর্সসহ তার বাড়িতে অভিযান চালিয়ে জিয়াকে গ্রেফতার করেন।

এএসআই শাকিল জানান, একটি মাদক মামলায় আদালতের সাজাপ্রাপ্ত আসামি জিয়া বাড়িতে অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিত্বে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। তার নামের জিআর মামলা নং ২৫০/১৮।

অপর একটি অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর ৩৬৫/১৫ মামলার আসামী আলী সিদ্দিক ওরফে বাবু (৫৫) কে গ্রেফতার করা হয়েছে।

রবিবার (৮ আগষ্ট) দিবাগত মধ্যরাতে পৃথক এ অভিযান দুটি চালান এএসআই শাকিলের নেতৃত্বে পুলিশের টীমটি।

আজ সোমবার (৯ আগষ্ট) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে বলে জানান এএসআই শাকিল।

মেহেরপুরে প্রবাসীর স্ত্রীকে ফেনসিডিল দিয়ে ফাঁসানো ও টাকা নিয়েও না ছাড়ার অভিযোগ তিন পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে

অন্যে’র জমির উপরের একটি বিচালীর স্তুপের নিচ থেকে ফেনসিডিল উদ্ধার করে প্রবাসীর স্ত্রী হাদিছা খাতুনকে আটক করে মামলায় ফাঁসিয়েছে পুলিশ এমন অভিযোগ প্রবাসীর পরিবার ও প্রতিবেশীদের। শুধু তাই নয়, ছেড়ে দেওয়ার নাম করে ৬০ হাজার টাকাও নিয়েছে, কিন্তু না ছেড়ে মামলা দিয়ে চালান করা হয়েছে।

এসকল অভিযোগ করা হয়েছে অভিযানে যাওয়া সদর থানা পুলিশের তিন কর্মকর্তার বিরুদ্ধে। অভিযুক্ত পুলিশ কর্মকর্তারা হলেন- এরা হলেন, মেহেরপুর সদর থানার উপপরিদর্শক (এসআই) অরুক কুমার, এসআই সঞ্জীব কুমার পাল ও এএসআই ইব্রাহিম।

এদিকে হাদিছার বাড়ির সামনে থেকে বিচালীর পালা থেকে ফেনসিডিল উদ্ধার অভিযান চালানোর সময় স্থানীয় এক যুবক মোবাইল ফোনে ভিডিও ধারণ করেন। সে ভিডিও ফুটেজ পত্রিকা অফিসে পৌঁছালে মেহেরপুর প্রতিদিনের একটি টিম ঘটনাটি অনুসন্ধান শুরু করে। ভিডিওটিতে দেখা যায়, পুলিশের আভিযানিক দলটি বিচালীর পালার পাশ থেকে ফেনসিডিলগুলো নিয়ে গিয়ে হাদিছার ঘরের সামনে জড়ো করেন। পরে তাকে ডাক দিলে সে ঘুম থেকে উঠে আসেন। এসময় এক এসআই ভিডিও ধারণকারী ওই যুবককে বলতে শোনা যাচ্ছে ভালো করে ভিডিও করো। আমাদেরও ওই ভিডিিও দিবা।

সোমবার (৮ আগষ্ট) বিকালে মেহেরপুর প্রতিদিনের ওই টিমটি দক্ষিণ শালিকা গ্রামে সরেজমিনে গেলে প্রত্যক্ষদর্শিরা এভাবেই অভিযোগ করেন পুলিশের ওই টিমের বিরুদ্ধে।

এঘটনার পর এএসআই ইব্রাহিম আটক হাদিছার প্রতিবেশীদের কাছে কয়েক দফা গিয়ে বিভিন্ন লোকজনকে হুমকিও দিয়েছেন। বিষয়টি নিয়ে কেউ যেনো মুখ না খোলে এজন্য তিনি এলাকার মানুষের মাঝে এক অজানা ভীতি তৈরী করেছেন।
ফেনসিডিল উদ্ধারের ঘটনার বর্ণনা দেন প্রবাস ফেরৎ প্রতিবেশী নাসির

মানুষ। তার ব্যাপারে আমি কিছু বলবো না। কিন্তু আমার মেয়েকে মিথ্যা মামলা দিয়ে ফাঁসানো হয়েছে। আমি তাদের বিচার চাই।

রোজিফা নামের স্থানীয় এক নারী বলেন, এলাকার মানুষ কিভাবে পাকা ঘর বানিয়েছেন সেই হিসাব নেই ইব্রাহিম দারোগা। এই এলাকার মানুষ কি ওই দারোগার ভাত খেয়ে ঘর বানাচ্ছে?

হাদিছা খাতুনের মেয়ে পাপিয়া খাতুন বলেন, আমার মা কে কোনদিন কোন অন্যায় করতে দেখি নি। ষড়যন্ত্র করে আমার মাকে ফাঁসানো হয়েছে। এর ফলে ফলে আমার মা ও আমার সংসার ভাঙার পথে। আমার একমাত্র ভাইয়ের ভবিষ্যৎ নষ্ট হওয়ার পথে। এর দায় কে নেবে? আমরা ওই পুলিশ কর্মকর্তাদের উপযুক্ত বিচার চাই।

অভিযুক্ত এএসআই ইব্রাহিম বলেন, হাদিছার ভাই আনারুল ইসলাম একজন মাদক ব্যবসায়ী। হাদিছার বাড়িতে মাদক মজুদ রেখে ব্যবসা করে। গোপন সংবাদের ভিত্তিত্বে তার বাড়িতে অভিযান চালিয়ে বাড়ির ছাদ ও শিড়ির নিচে থেকে ১৬০ বোতল ফেনসিডিল উদ্ধার করি। এসময় আনারুল ইসলামসহ দুই জন পালিয়ে যায়। হাদিছার বাড়ি থেকে ফেনসিডিলগুলো উদ্ধার হওয়ার কারনেই তাকে আটক করা হয়েছে। তাকে আটক করে কি ভুল করেছি আমরা বলে সাংবাদিকদের উল্টো প্রশ্ন করেন। তবে, ৬০ হাজার টাকা নেওয়ার অভিযোগ ও প্রতিবেশীদের হুমকী দেওয়ার অভিযোগ অস্বীকার করেন তিনি।

অপর অভিযুক্ত উপপরিদর্শক (এসআই) সঞ্জীব কুমার পাল বলেন, আমরা সুনিদৃষ্ট তথ্য নিয়েই অভিযানে গেছি। হাদিছার বাড়ির শিড়ির নিচ থেকে ফেনসিডিলগুলো পাওয়ায় তাকে আটক করা হয়েছে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ বলেন, হাদিছার নামে আগের কোনো মামলা নেই। তার বাড়িতেই ফেনসিডিলগুলো জব্দ করা হয়েছে বলে উল্লেখ করে তিনি বলেন, তদন্ত করে বিষয়টি প্রকৃত অবস্থা বলা যাবে।

তবে এ ব্যাপারে মেহেরপুরের পুলিশ সুপার (এসপি) মেহেরপুর প্রতিদিনকে বলেন, বিষয়টি সুষ্ঠ তদন্ত করা হবে। যদি পুলিশ কর্মকর্তারা দোষী হয়ে থাকেন তাহলে বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য, গত শুক্রবার শনিবার দিবাগত রাতে মেহেরপুর সদর থানার উপরিদর্শক (এসআই) অরুক কুমার, এসআই সঞ্জীব কুমার, এএসআই

ইব্রাহীমসহ সঙ্গীয় ফোর্স সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামে অভিযান চালিয়ে প্রবাসী আনিছুর রহমানের বাড়ি সামনে থেকে ১৬০ বোতল ফেনসিডিলসহ হাদিছা খাতুনকে আটক করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতে চালান দেন।

দামুড়হুদায় বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবের ৯২তম জন্ম বার্ষিকী পালিত

দামুড়হুদা উপজেলা প্রশাসনের উদ্দ্যেগে বঙ্গমাতা ফজিলাতুননেছা মুজিববের ৯২ তম জন্মবার্ষিকী পালিত হয়েছে। এ জন্মবার্ষিকী ও আলোচনা সভা উপলক্ষে দামুড়হুদা উপজেলা প্রশাসনের উদ্যোগে ফজিলাতুন্নেছার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

সোমবার বেলা ১১টার সময় উপজেলার হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর।

এসময় তিনি বলেন বাংলাদেশ প্রতিষ্ঠার সংগ্রামের প্রতিটি ধাপে বঙ্গবন্ধুর সহধর্মিনী হিসেবে নয়, একজন নীরব দক্ষ সংগঠক হিসেবে যিনি নিজেকে বিলিয়ে দিয়ে বাঙালির মুক্তি সংগ্রামে ভূমিকা রেখেছেন এবং বঙ্গবন্ধুকে হিমালয় সমআসনে অধিষ্ঠিত করেছেন তিনি বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব।

বাঙালির অধিকার আদায় ছাড়া শেখ মুজিবের কাছে প্রধানমন্ত্রীত্ব বা ক্ষমতার কোনো আকর্ষণ ছিলো না। বঙ্গমাতাও সেই আদর্শে নিজেকে ও নিজের সন্তানদের গড়ে তোলেন। সহধর্মিণী হিসেবে নয়, রাজনৈতিক সহকর্মী হিসেবে আজীবন প্রিয়তম স্বামী শেখ মুজিবুর রহমানের ছায়াসঙ্গী ছিলেন শেখ ফজিলাতুন্নেছা মুজিব।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের প্রশাসক ও দামুড়হুদা

উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবু।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম সহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

সভা শেষে গরীব-অসহায় ও দুস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ করেন প্রধান অতিথি চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর।

আলমডাঙ্গায় বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের জন্মবার্ষিকী পালন

আলমডাঙ্গায় উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের ৯২ তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সন্ধ্যায় উপজেলা আওয়ামী লীগ কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুসা।

উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ইয়াকুব আলী মাষ্টারের উপস্থাপনায় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, জেলা আওয়ামী লীগের সদস্য শাহ আলম, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুক, উপজেলা আওয়ামী লীগের সাবেক সহসভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, পৌর আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, সাবেক পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, সাবেক উপজেলা আওয়ামী লীগের উপ প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, উপজেলা ছাত্রলীগের সভাপতি উপজেলা ভাইস

চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমান আহমেদ ডন, অন্যান্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন সাবেক ছাত্রলীগ নেতা মিজানুর রহমান মিজান, সোহেল রানা শাহীন, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হুসাইন বাদশা, হাসানুজ্জামান হাসান, মুন্না, নাহিদ হাসান তমাল, আলোচনা সভা শেষে এক দোয়া মাহফিলের অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিল পরিচালনা করেন হাফেজ মোঃ সজিব।

অন্যদিকে বিকেল চারটার দিকে মহিলা আওয়ামী লীগের উদ্যোগে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের ৯২ তম জন্মবার্ষিকী পালন উপলক্ষে দলীয় কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) অভিযান চালিয়ে ১০ গ্রাম হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আটকৃতরা হলেন, মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকার ইছার উদ্দীনের ছেলে তাইজেল ইসলাম (৪০) ও সোহরাব হোসেনের ছেলে সাইফুল ইসলাম (৩৬)।

সোমবার দুপুরের দিকে গোপন সংবাদের ভিত্তিত্বে পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় অভিযান চালিয়ে তাদের দুজনকে গ্রেফতার করেন। মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের এসআই বিশ্বজিৎ এর নেতৃত্বে ডিবির এসআই জুম্মান, এএসআই মাহাতাব, এএসআই মাসুদ রানা সঙ্গীয় ফোর্স অভিযানে অংশ নেন।

এসময় তাদের দেহ তল্লাশী করে ১০ গ্রাম হেরোইন জব্দ করা হয়।

আটক দুই মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দেওয়া হয়েছে। মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলম এ তথ্য

নিশ্চিত করেছেন।

এই দুই মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পূর্বেও একাধিক মামলা রয়েছে। আটকদের মেহেরপুর সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগরে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন

“শিশুকে বুকের দুধ খাওয়ানোর জন্য এগিয়ে আসুন: শেখান ও সহযোগিতা করুন” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ-২০২২ উদযাপন করা হয়েছে।

মেহেরপুর কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট, গুড নেইবারস বাংলাদেশ বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন উপলক্ষে সোমবার বিকেলে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গনে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সিডিপি ম্যানেজার বিভব দেওয়ান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাক্তার সুপ্রিয়া গুপ্তা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিডিপি এর মেডিকেল অফিসার ডা: ইয়াসিন আল বাশার, সিডিপি এর সি.অফিসার এস এম রিফাত আল- মাহমুদ।

বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ পালন উপলক্ষে আলোচনা সভায় বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ এর তাৎপর্য গুরুত্ব, শিশুকে বুকের দুধ খাওয়ানোর নিয়ম। শিশুকে দুধ খাওয়ানোর সময়। বুকের দুধ খাওয়ানোর উপকারিতা সম্পর্কে উপস্থিত মায়েদের কে পরামর্শ দেওয়া হয়।

অনুষ্ঠান শুরুর আগে সিডিপি ম্যানেজার বিভব দেওয়ান এর নেতৃত্বে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ ২০২২ উদযাপন উপলক্ষে মানুষকে সচেতন করতে একটি র্যালি বের করা হয়।

বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন অনুষ্ঠানে এলাকার ৭৫ জন মা অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটি সার্বিক সঞ্চালনায় ছিলেন সিডিপির এস এস সাপোর্টার সজীব হোসেন।

ঝিনাইদহে সন্ধানী লাইফের প্রতারণার ফাঁদে এক কর্মী

ঝিনাইদহে সন্ধানী লাইফ ইন্সুরেন্সের প্রতারণার ফাঁদে পড়েছে সবুজ আলী নামে এক কর্মী। তিনি এখন সহায় সম্বল বিক্রি করেও দায় মেটাতে পারছে না বলে জানা গেছে।

সবুজের পারিবারিক সূত্রে জানাগেছে ঝিনাইদহ জামতলা সড়কের বাসিন্দা মোটর শ্রমিক মোঃ মকবুল হোসেনের পুত্র সবুজ মিয়া, অত্যন্ত দরিদ্র পরিবারের সন্তান। দুবেলা খেয়েপরে বেঁচে থাকতে সবুজ মিয়া ঝিনাইদহ সন্ধানী লাইফ ইন্স্যুরেন্সে কম্পিউটার অপারেটর পদে ২০১৭ সালের ডিসেম্বর মাসের ২ তারিখে চাকুরী নেয়। কয়েক মাস সফলতার সাথে চাকুরী করার পরে ঝিনাইদহ শাখার উন্নয়ন অফিসার রাজু আহম্মেদ নামে এক ব্যক্তির প্রলোভনে পড়ে মৌখিক ভাবে অফিসের হিসাব রক্ষকের দায়িত্ব নেয়। এই হিসাব রক্ষকের দায়িত্ব পাওয়ার সাথে সাথে তার নিকট থেকে জামানত হিসেবে ঝিনাইদহ ইসলামী ব্যাংকের ২০৫০১৭৫০২০৩১৯১৪০০ হিসাব নম্বরের একটি ফাঁকা চেক, যার নং গঝঝ ঘঙ-২১২৮৩২২ ইন্স্যুরেন্স কোম্পানি গচ্ছিত রাখে।

সূত্র আরও জানায় বিভিন্ন অযুহাতে ২০১৯ সালের প্রথম দিকে সবুজকে ইন্স্যুরেন্সের চাকুরী ছাড়তে বাধ্য করে। তখন সমস্ত দায় দেনা মিটিয়ে সবুজ চলে আসে। তবে কৌশলে হেড অফিসে জমা আছে বলে তার জামানতের চেকটি রেখে দেওয়া হয় আর বলা হয় পরবর্তিতে ফেরত দেওয়া হবে।

এই অবস্থায় জামানতের চেকটি ফেরত না দিয়ে ২০১৯ সালের ২৪জুন সন্ধানী লাইফের পক্ষে মহামান্য সুপ্রিম কোর্টের এ্যাড. মোঃ খলিলুর রহমান স্বাক্ষরিত একটি লিগ্যাল নোটিশ সবুজ কে দেওয়া হয়। তখন এই দরিদ্র পরিবারের মাথার উপর আকাশ ভেঙ্গে পড়ার উপক্রম।

বিষয়টি শুরাহার জন্য ভুক্তভোগী সবুজ ও তার পরিবার মানুষের দ্বারে দ্বারে ঘুরতে থাকে। লিগ্যাল নোটিশে উল্লেখ করা হয়, সন্ধানী লাইফ ইন্স্যুরেন্সের হোড অফিস, সন্ধানী লাইফ টাওয়ার, রাজউক প্লট নং- ৩৪, বাংলামটর, ঢাকা গিয়ে সবুজ মিয়া কোম্পানির পাওনা টাকা পরিশোধ বাবদ ৬লাখ ২১হাজার ৪৫০ টাকার একটি প্রদান করেন যা একই সালের জুন মাসের ১৬তারিখে ঝিনাইদহ শাখা হতে ডিজঅনার পূর্বক ফেরত দেওয়া হয়।

এবিষয়ে ভুক্তভোগী সবুজ মিয়া বলেন আমি অফিসে দায়িত্বে থাকা কালীন (২০১৮ থেকে ২০১৯) সময়ে গ্রাহকের সমস্ত টাকা উন্নয়ন অফিসার রাজু আহম্মেদের বেসিক ব্যাংক ঝিনাইদহ শাখার ৬৭১৪০১০০০০০৮১ নং জমা দিতাম, তার একাধিক জমা রশিদ ও হিসাব বিবরণীতে প্রমান রয়েছে এই রাজুর দায় আমার ঘাড়ে চাপানো হচ্ছে। তিনি আরও বলেন এটা আমার জন্য একটা প্রতারনার ফাঁদ, আমি অত্যন্ত দরিদ্র পরিবারের সন্তান টাকা দেওয়ার সাধ্য আমার নেয়, আমি এই প্রতারণার হাত থেকে মুক্তি চায়।

এ বিষয়ে ঝিনাইদহ সন্ধানী লাইফ ইন্স্যুরেন্সের কর্মকর্তা রাজু আহম্মেদ বলেন সবুজ মিয়া সন্ধানী লাইফ ইন্স্যুরেন্সে কম্পিউটার কাম হিসাব রক্ষকের চাকুরী করতেন। এ সময়ে গ্রাহকের টাকা ব্যাংকে জমা না দিয়ে আত্মসাত করায় কোম্পানী তার নামে মামলা করেছে এর মধ্যে আমার কোন সম্পৃক্ততা নেয়। তিনি আরও বলেন আমার হিসাবে যা জমা দিয়েছে তা কমিশনের টাকা।

রাজু আহম্মেদের এই বক্তব্য অসংগতিপূর্ণ বলে মনে হয়েছে কারন, ১৫ অক্টোবর ২০১৮ থেকে ৩ ফেব্রুয়ারী ২০১৯ সাল পযর্ন্ত মাত্র পাঁচ মাসে ২১লাখ ৭৫ হাজারেরও বেশী টাকা ব্যক্তিগত কমিশন হিসেবে ব্যাংকে জমা অস্বাভাবিক বলে মনে হয়েছে। বিষয়টি সুষ্ঠু তদন্ত স্বাপেক্ষে প্রকৃত অপরাধীর বিচার দাবি করেন ভুক্তভোগী পরিবারটি।